তারিখ ... 29 APR 2016 ...
পৃষ্ঠা ...৮... কলাম ...৫...

দৈনিক
ইত্তেফাক

# কুবি'র ছাত্রীকে হত্যার হুমকি

## প্রক্টরকে স্মারকলিপি

■ কুবি সংবাদদাতা

পূর্ব বাকবিতণ্ডার জের ধরে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের এক ছাত্রীকে সম্প্রতি হত্যার শিকার হওয়া কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থী সোহাগী জাহান তনুর মত অবস্থা করে লাশ বিশ্ববিদ্যালয়ের ফটকে ঝুলিয়ে দেয়ার হুমকি দিয়েছে একই বিভাগের কয়েকজন ছাত্র। গত ২৭ এপ্রিল বুধবার বিভাগের শ্রেণি কক্ষে ওই ছাত্রীকে এ হুমকি দেয়া হয়। একই সাথে ওই ছাত্রী কীভাবে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করে তা দেখে নেয়ারও হুমকি দেয়া হয়েছে।

হুমকি পাওয়া ফারহানা আক্তার একাউন্টিং অ্যান্ড ইনফরমেশনস সিস্টেমস বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। হুমকিদাতা রাফিউল আলম দীপ্ত, জুনায়েদ আহমেদ এবং মনজুরুল ইসলামও একই বিভাগের একই শিক্ষাবর্ষের শিক্ষার্থী। নিরাপত্তাহীনতার কথা উল্লেখ করে ঐ ঘটনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় প্রক্টর, ছাত্র উপদেষ্টা এবং বিভাগীয় প্রধানকে স্মারকলিপি দিয়েছে ওই ছাত্রী। উল্লেখ্য, হুমকি পাওয়া ফারহানা কুমিল্লা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (কুবিসাস) শিক্ষানবিস সাংবাদিক।